নথি নং-১৪.৩১.০০০০.০১২.০০.০০১.১৯.১৬ তারিখঃ ১১/০৭/২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক অধিদপ্তর, ঢাকা, পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর ও আন্তর্জাতিক ডাক হিসাবরক্ষণ অফিস, ঢাকা এর আওতাধীন রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের নিমিত্ত পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত/স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dgbpo.teletalk.com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	ইউনিট/অফিসের নাম/কর্মস্থল	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১.	জুনিয়র একাউনটেন্ট (১২৫০০-৩০২৩০) (গ্রেড-১১)	০৮	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি	সমগ্র বাংলাদেশ	ক) ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাংগামাটি, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রাজশাহী, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রংপুর, গাইবান্ধা, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, পিরোজপুর, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। খ) সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২.	ইন্সপেক্টর অব পোস্ট অফিসেস/ ইন্সপেক্টর অব রেলওয়ে মেইল সার্ভিস/ ইন্সপেক্টর অব পি.এন্ড.টি/ইন্সট্রাক্টর, পিটিসি, (ইন্সপেক্টর অব পোষ্ট অফিসেস)/ ইন্সট্রাক্টর, পিটিসি (ইন্সপেক্টর অব আরএমএস) (১৩৩০০-২৭৩০০) (গ্রেড-১২)	৯১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি	সমগ্র বাংলাদেশ	
৩.	ষ্ট্রীপার কাম রিটাচার (১৩৩০০-২৭৩০০) (গ্রেড-১২)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত বোর্ড ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে প্রিন্টিং টেকনোলজি/গ্রাফিক্স আর্টস এ ট্রেড কোর্সধারী; এবং (গ) প্রথম শ্রেণির অফসেট প্রিন্টিং প্রেস/প্যাকেজিং শিল্পকারখানায় ষ্ট্রীপার কাম রিটাচার হিসেবে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	পোস্টাল প্রিন্টিং প্রেস, টংগী, গাজীপুর	
৪.	সহকারী (ডাক অধিদপ্তর) (১১০০০-২৬৫৯০) (গ্রেড-১০)	০৪	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।	ডাক অধিদপ্তর, ঢাকা	
৫.	সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর (স্টেনোগ্রাফার) (১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩)	০৬	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং (গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলা যথাক্রমে ৮০ শব্দ ও ৫০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজি ও বাংলা যথাক্রমে ৩০ শব্দ ও ২৫ শব্দ থাকতে হবে।	ডাক অধিদপ্তর, ঢাকা	
৬.	উপজেলা পোষ্টমাষ্টার (১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩)	৯৬	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি।	সমগ্র বাংলাদেশ	
৭.	কম্পিউটার অপারেটর (১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩)	০১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	ডাক অধিদপ্তর, ঢাকা	
৮.	মনোটাইপ কীবোর্ড অপারেটর (১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩)	০১	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) প্রথম শ্রেণির প্রিন্টিং প্রেসে ইংরেজি ও বাংলা উভয় ভাষায় স্বয়ংক্রিয় কম্পোজিসনসহ মনোটাইপ কী বোর্ড চালনায় ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং (গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে।	পোষ্টাল প্রিন্টিং প্রেস, টংগী, গাজীপুর	
৯.	উচ্চমান সহকারী (১০,২০০-২৪৬৮০) (গ্রেড-১৪)	০৩	(ক) কোন স্বীকৃত বিশবিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি ; (খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং (গ)কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ শব্দ ও ২৫ শব্দ থাকতে হবে।	ডাক অধিদপ্তর, ঢাকা	
১০.	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট) (১০,২০০-২৪৬৮০) (গ্রেড-১৪)	০৮	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি ; (খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং (গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলা যথাক্রমে ৭০ শব্দ ও ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজি ও বাংলা যথাক্রমে ৩০ শব্দ ও ২৫ শব্দ থাকতে হবে	ডাক অধিদপ্তর, ঢাকা	
১১.	অ্যাপিয়ার (১০২০০-২৪৬৮০) (গ্রেড-১৪)	০১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের যে কোন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি।	পোষ্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর	
১২.	মেশিনম্যান (অফসেট প্রিন্টিং/ লেটার প্রিন্টিং) (১০২০০-২৪৬৮০) (গ্রেড-১৪)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) প্রথম শ্রেণির প্রিন্টিং প্রেসের আধুনিক অফসেট প্রিন্টিং মেশিন রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় ৭ (সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা; এবং (গ) স্বয়ংক্রিয় প্রিন্টিং প্রেস পরিচালনায় দক্ষতা থাকতে হবে।	পোষ্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর	
১৩.	একাউন্টস এ্যাসিসটেন্ট (৯৩০০-২৩৪৯০) (গ্রেড-১৫)	০৪	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	আন্তর্জাতিক ডাক হিসাবরক্ষণ অফিস, ঢাকা	
১৪.	ড্রাফটসম্যান (৯৭০০-২৩৪৯০) (গ্রেড-১৫)	০১	কোন স্বীকৃত ইনষ্টিটিউট/প্রতিষ্ঠান হতে ড্রাফটসম্যানশীপ সার্টিফিকেটধারী	ডাক অধিদপ্তর, ঢাকা	
১৫.	ড্রাইভার (ভারি) (৯৩০০-২৩৪৯০) (গ্রেড-১৫)	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং (খ) ভারি গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারি গাড়ি চালনায় ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হবে।	পোষ্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর	
১৬.	ড্রাইভার (হালকা) (৯৩০০-২৩৪৯০) (গ্রেড-১৬)	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) হালকা/ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা/ভারী গাড়ি চালনায় ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	ডাক অধিদপ্তর, ঢাকা	
১৭.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (৯৩০০-২৩৪৯০) (গ্রেড-১৬)	০৫	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের ক্রিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ শব্দ ও ২৫ শব্দ থাকতে হবে।	ডাক অধিদপ্তর, ঢাকা	
১৮.	মেশিনিষ্ট (৯৩০০-২৩৪৯০) (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/ প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল ট্রেড কোর্সধারী।	ডাক অধিদপ্তর, ঢাকা	
১৯.	ডাটা এন্ট্রি অপারেটর (৯৩০০-২৩৪৯০) (গ্রেড-১৬)	০৪	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	ডাক অধিদপ্তর, ঢাকা	
২০.	পোষ্টাল অপারেটর (৯৩০০-২৩৪৯০) (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।	পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর	
২১.	প্রেসিং মেশিনম্যান (৯৩০০-২৩৪৯০)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং	পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর	
	(৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯)		বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ক্লিপিং, ওয়েরিং, লুব্রিকেশন, ইনজিং ডাম্পিং, অফসেট ফিডিং এবং পেটার প্রেস প্রিন্টিং মেশিনে কাজের অভিজ্ঞতা।	টঙ্গী, গাজীপুর	
২৫.	প্যাকার (৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯)	০২	ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর।	
২৬.	পোর্টার (৮২৫০-২০০৩০) (গ্রেড-২০)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর	
২৭.	অফিস সহায়ক (৮২৫০-২০০৩০) (গ্রেড-২০)	১৬	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	ডাক অধিদপ্তর, ঢাকা ও পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর	
২৮.	নিরাপত্তা প্রহরী (৮২৫০-২০০৩০) (গ্রেড-২০)	০১	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর	
২৯.	পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) (৮২৫০-২০০৩০) (গ্রেড-২০)	০২	অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) মোট পদের শতকরা ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাবে।	ডাক অধিদপ্তর, ঢাকা ও পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর	
৩০.	পরিচ্ছন্নতা কর্মী (ক্লিনার) (৮২৫০-২০০৩০) (গ্রেড-২০)	০১	অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ডাক অধিদপ্তর, ঢাকা।	
	মোট	২৬৯ টি			

নিম্নবর্ণিত শর্তগুলো আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

১। ১১/০৮/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে বাছাই প্রক্রিয়ায় উত্তীর্ণ হলে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে, যার সত্যায়িত কপি দাখিল করতে হবে।

২। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট বাছাই প্রক্রিয়ায় উত্তীর্ণ হলে দাখিল করতে হবে।

৩। চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে; মৌখিক পরীক্ষার ক্ষেত্রে চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

৪। বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় সকল ক্রমিকের প্রার্থীকে অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ প্রযোজ্য ক্ষেত্রে মৌখিক পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

৫। ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯ ও ৩০ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি এবং অনলাইন ফি বাবদ ৫৬/-(ছাপ্পান্ন) টাকা এবং অন্যান্য ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি এবং অনলাইন ফি বাবদ ১১২/- (একশত বার) টাকা http://dgbpo.teletalk.com.bd ওয়েবসাইট অনুসরণে প্রদান করতে হবে। পরীক্ষা ফি প্রদানের পর মাথিলকৃত আবেদন আর সংশোধন/এডিট করা যাবে না।

৬। আবেদনে উল্লিখিত মোবাইল নম্বর সার্বক্ষণিক সক্রিয় রাখতে হবে। মোবাইল নম্বর পরীক্ষা সংক্রান্ত SMS পাওয়ার জন্য সক্রিয় না রাখার কারণে কোন তথ্য বা SMS পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। SMS প্রাপ্তির পর প্রার্থীকে নিজ উদ্যোগে প্রবেশপত্র Download করে নিতে হবে।

৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন/সংযোজন (যদি থাকে) পরীক্ষার সময়, স্থান ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি ডাক বিভাগের ওয়েবসাইটে www.bdpost.gov.bd এ পাওয়া যাবে।

৮। প্রার্থী'র যোগ্যতা যাচাইঃ

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থী'র প্রার্থিতা আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা যাবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ফটোকপি জমা দিতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা সরাসরি বাতিল করা হবে।

(খ) জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। বিশেষ কোটার প্রার্থীদেরকে বিশেষ কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(গ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(ঘ) বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধিবিধান ও কোটাপদ্ধতি অনুসরণ করা হবে।

৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১০। বিবিধঃ

(ক) ডাক বিভাগের ওয়েবসাইটে www.bdpost.gov.bd এ নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

(খ) এই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(গ) নিয়োগ পরীক্ষা ও লিখন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্যপদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল এমনকি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এছাড়াও একাধিক পদে পরীক্ষা একই দিনে ও একই সময়ে গ্রহণের ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dgbpo.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদন পত্র পূরণ করবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৩/০৭/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় : ১১/০৮/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯ ও ৩০ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বাবদ ৬/- (ছয়) টাকা মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা এবং অন্যান্য ক্রমিকে প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ১২/- (বার) টাকা মোট ১১২/- (একশত বার) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS : DGBPO<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DGBPO ABCDEF

Reply Applicant's Name, TK. 112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type DGBPO<Space>Yes<Space> PIN and send to 16222

দ্বিতীয় SMS : DGBPO<Space>Yes<Space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example : DGBPO Yes 12345678

Reply : Congratulations Applicant's Name, Payment completed successfully for DGBPO.

Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgbpo.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নাম্বারটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DGBPO<Space>Help<Space>User<Space> User ID and Send to 16222.

Example : DGBPO Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে DGBPO<Space>Help<Space>PIN<Space> PIN Number and Send to 16222.

Example : DGBPO Help PIN 12345678.

(ঝ) Online-এ আবেদন এর ক্ষেত্রে কোনো সমস্যা পরিলক্ষিত হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DGBPO, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঞ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পারেন সে পরামর্শ দেয়া যাচ্ছে।